

উৎসর্গপত্র ।

ডাক্তার শ্রীমহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

শ্রদ্ধাঙ্গদেশু ।

ভ্রাতঃ !

তুমি দীর্ঘকাল বিলাতে থাকিয়া অশেষ বিদ্যা উপার্জন করিয়া আজ সান্নিধ্য বটু বৎসর পবে বাটা আসিয়াছ। এতদিন আমরা তোমার বিরহে অধীর হইয়াছিলাম। অনেক দিনের পর তোমাকে পাইয়া আজ আমাদের আনন্দের আর সীমা নাই। কি দিয়া আর তোমার অভ্যর্থনা করিব ? আমার আছে কি ? কিছু নাই বলিয়াই আমি আর্থদর্শন-উদ্যান হইতে গুটিকত সমালোচনা-কুম্ভম তুলিয়া এই মালা গাঁথিয়াছি। এই 'সমালোচনা-মালা' আজ মনের উন্নতি ও হৃদয়ের শ্রীতিতে তোমার করে অর্পণ করিলাম। অপরের নিকট অনুপাদের হইলেও, আশা করি— এই ভ্রাতৃ-দত্ত 'সমালোচনা-মালা' তোমার কার্যকর সাধনে গৃহীত হইবে। এই মালা দিয়া তোমায় আশীর্বাদ করি— যেন তুমি যে দুর্লভ জ্ঞানরাশি অর্জন করিয়া আসিয়াছ, তাহা দ্বারা নিজের, পারিবারিক ও জাতীয় মঙ্গল সাধনে সতত নিরত থাক। ইহা অপেক্ষা আশীর্বাদের বড় বিষয় আর দেখি না !

স্বয়মসিংহ

২০ এ ভাদ্র ১২৯২ বঙ্গাব্দ ।

আশীর্বাদক

শ্রীযোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ।

